মে 2017

# তথ্য সম্বলিত পুস্তিকা

## ব্রাউনফিল্ড সাফাইয়ের কর্মসূচী (Brownfield Cleanup Program)

**ইমেলে তথ্য সম্বলিত পুস্তিকা পান।** কিভাবে তা জানতে "আরো তথ্যের জন্য" দেখুন।

প্রশ্ন আছে?
নীচে দেখুন
"কার সাথে যোগাযোগ করতে হবে"

**সাইটের নাম:** ফরমার হাইগ্রেড পলিশিং অ্যান্ড প্ল্যান্টিং কোং (Former Hygrade Polishing and Plating Co.)
**DEC সাইট #:** C241148
**ঠিকানা:** 22-07 41st Avenue
Long Island City, NY 11101

## প্রস্তাবিত অন্তর্বর্তী প্রতিকারমূলক পরিমাপ ঘোষিত জনসাধারণের মন্তব্যের সময়কাল

নিউইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ এনভায়রনমেন্টাল কনজারভেশন (NYSDEC) (New York State Department of Environmental Conservation, NYSDEC), 22-07 41st Avenue, Long Island City, NY ঠিকানায় অবস্থিত ফরমার হাইগ্রেড পলিশিং অ্যান্ড প্লেটিং কোং-এর সাইট ("সাইট")-এর জন্য একটি দ্রুত পরিষ্কারকরণের প্রস্তাব পেশ করছে। অনুগ্রহ করে সাইটের অবস্থানের জন্য মানচিত্র দেখুন। এই সাইটের পরিচ্ছন্নতা সংক্রান্ত নথিগুলির "তথ্য কোথায় পাওয়া যাবে"-এর নীচে চিহ্নিত অবস্থান(গুলি)-এ পাওয়া যেতে পারে।

NYSDEC একটি জনসাধারণের মন্তব্যের সময়কালটি পরিচালনা করছে কারণ এই সাইট পরিষ্কারকরণের ক্ষেত্রে এই অন্তর্বর্তী প্রতিকারমূলক পরিমাপ (IRM) (Interim Remedial Measure, IRM) সম্ভবত একটি গুরুত্বপূর্ণ অংশের প্রতিনিধিত্ব করতে পারে।
পরিবেশগত ও স্বাস্থ্য সংক্রান্ত মূল্যায়নের সারসংক্ষেপগুলি সহ সাইট সম্পর্কে অতিরিক্ত বিশদ NYSDEC-এর এই ওয়েবসাইটে পাওয়া যায়:

http://www.dec.ny.gov/cfmx/extapps/derexternal/haz/details.cfm?pageid=3&progno=C241148

### কিভাবে মন্তব্য করবেন

NYSDEC 24শে মে 2017 থেকে 23শে জুন 2017 অবধি 30 দিন ধরে প্রস্তাবিত IRM কর্ম পরিকল্পনা সম্পর্কে লিখিত মন্তব্য গ্রহণ করছে। পর্যালোচনার জন্য প্রস্তাবিত পরিকল্পনাটি "তথ্য কোথায় খুঁজতে হবে"-এর নীচে চিহ্নিত অবস্থান(গুলি)-এ পাওয়া যায়। অনুগ্রহ করে মন্তব্যগুলির নীচে "কার সাথে যোগাযোগ করতে হবে" এরিয়ায় প্রকল্প সম্পর্কিত প্রশ্নগুলির অধীনে তালিকাভুক্ত NYSDEC-এর প্রোজেক্ট ম্যানেজারের কাছে জমা দিন।

### অন্তর্বর্তী প্রতিকারমূলক পরিমাপ কর্ম পরিকল্পনার খসড়া

যখন কোনো সংক্রমণের উৎস বা পথে সংস্পর্শে আসার সুযোগের (যে পথে কোনো ব্যক্তি সংক্রমণের সংস্পর্শে আসতে পারে) প্রতি গভীর অনুসন্ধান এবং মূল্যায়ন ছাড়াই কার্যকরভাবে ব্যবস্থা গ্রহণ করা হতে পারে তখন একটি IRM নামক পরিষ্কারকরণের ক্রিয়াকলাপ সম্পাদিত হতে পারে।

IRM কাজের পরিকল্পনার খসড়া প্রস্তাবিত পরিষ্কারকরণের কার্যকলাপগুলিকে বর্ণনা করে যাতে এগুলি অন্তর্ভুক্ত রয়েছে:

1. ভোলাটাইল অর্গ্যানিক কম্পাউন্ডগুলি (VOCs) ট্রিট করতে বিল্ডিংয়ের বেসমেন্টের নীচে ভূগর্ভস্থ জলে রাসায়নিক ইনজেকশন; এবং
2. সংক্রামিত মাটির বাষ্পকে বিল্ডিংয়ে প্রবেশে বাধা দিতে এর স্থানান্তরণ রুখতে সাব-স্ল্যাব চাপ মুক্ত করার ব্যবস্থাটির ইনস্টলেশন।

*অনুসন্ধানের সারাংশ*
2016 সালের ফলে প্রতিকারমূলক অনুসন্ধানের প্রাথমিক পর্যায়ে মাটি, ভূগর্ভস্থ জল এবং মাটির বাষ্পের নমুনাগুলি সংগ্রহ করা হয়েছিল। সাইটটিতে উদ্বেগজনক সংক্রামকগুলির মধ্যে রয়েছে VOCs (প্রাথমিকভাবে টেট্রাক্লোরোইথেন (PCE) এবং ট্রাইক্লোরাইথেন (TCE)) এবং বেশ কয়েকটি ধাতু (ক্যাডমিয়াম এবং ক্রোমিয়াম)।

বেসমেন্ট তলের নীচে থেকে সংগ্রহ করা মাটির নমুনাগুলি নিষেধাজ্ঞামুক্ত ব্যবহারের মাপদণ্ডের চেয়ে অতিরিক্ত VOC বা ধাতু ঘনীভূত অবস্থায় পাওয়া যায়নি।

PCE এবং TCE উভয়ের ঘনীভূত অবস্থা বিল্ডিংয়ের নীচে থেকে সংগৃহীত ভূগর্ভস্থ জলে তাদের স্ব স্ব মানক (প্রতি বিলিয়নে 5 পার্ট (ppb))-এর অতিরিক্ত পাওয়া গিয়েছিল। দেখা গেছে ক্যাডমিয়াম এবং ক্রোমিয়ামের ঘনীভূত অবস্থাও তাদের ভূগর্ভস্থ জলের মানক যথাক্রমে 5 ppb এবং 50 ppb-কে অতিক্রম করেছে।

বেসমেন্টের নীচে থেকে সংগৃহীত মাটির বাষ্পের নমুনায় TCE-এর বর্ধিত ঘনীভূত অবস্থা ছিল।

**পরবর্তী পদক্ষেপগুলি**
নিউইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ হেল্থ (NYSDOH) (New York State Department of Health, NYSDOH) -এর সাথে পরামর্শ করে NYSDEC জনসাধারণের মতামত বিবেচনা করবে, প্রয়োজন অনুযায়ী পরিকল্পনাটি পুনর্বিবেচনা করবে এবং IRM-এর কর্ম পরিকল্পনা অনুমোদন করবে। অনুমোদিত কর্ম পরিকল্পনা জনসাধারণের জন্য উপলব্ধ করা হবে (নীচে "তথ্য কোথায় পাবেন" দেখুন)। কর্ম পরিকল্পনা অনুমোদনের পরে কর্ম পরিকল্পনায় বিস্তারিত কার্যক্রম বাস্তবায়িত করা হবে। কাজ শেষ হওয়ার পরে একটি নির্মাণ সম্পূর্ণ প্রতিবেদন প্রস্তুত করা হবে যা কী কী ক্রিয়াকলাপ সম্পাদিত হয়েছে তা নথিবদ্ধ করে।

সাইটের তদন্ত এবং পরিষ্কারকরণ চলাকালীন NYSDEC জনসাধারণকে অবহিত রাখবে।

**পটভূমি**
অবস্থান:
সাইটটি কুইন্স কাউন্টির লং আইল্যান্ড সিটি সেকশনে অবস্থিত। সাইটটি 22nd এবং 23rd Streets মাঝে উত্তর দিকে 41st Avenue বরাবর অবস্থিত।

সাইটের বৈশিষ্ট্যসমূহ:
সাইটটি আকারে প্রায় 2,500 বর্গ ফুট এবং বেসমেন্ট সহ 4 তলা গাঁথনির বিল্ডিং দ্বারা সম্পূর্ণভাবে কভার করা। সাইটের অবিলম্বে পশ্চিমে অবস্থিত প্লটটিতে একটি বহুতল হোটেল নির্মাণের কাজ চলছে। একটি পার্কিং–এর জায়গা এবং বহুতল কমার্শিয়াল বিল্ডিং অবিলম্বে পূর্বে অবস্থিত। মেট্রোপলিটন পরিবহন কর্তৃপক্ষের (Metropolitan Transportation Authority) সম্পত্তি (the F train) সরাসরি 41st Avenue নীচে সম্পত্তিটির দক্ষিণ দিক বরাবর অবস্থিত। নিউইয়র্ক সিটি হাউজিং অথরিটির (New York City Housing Authority, NYCHA) সম্পত্তি (কুইন্সব্রিজ হাউস) সম্পত্তিটির প্রায় 1.5 টি ব্লকের পশ্চিমাংশে অবস্থিত।

বর্তমান আঞ্চলিকতা এবং ভূমির ব্যবহার:
সাইটটি নির্মাণকার্যের জন্য অঞ্চল ভিত্তিতে ভাগ করা হয়েছে। সাইটটি বর্তমানে খালি রয়েছে এবং ব্যাপকভাবে সংস্কারের কাজ চলছে। পার্শ্ববর্তী এলাকা সাধারণ ভাবে বাণিজ্যিক উদ্দেশ্যে ব্যবহার করা হয়।

সাইটটির অতীত ব্যবহার:
সম্পত্তিটি এর আগে 1962 থেকে 2012 সাল অবধি একটি ইলেক্ট্রোপ্লেটিং ফেসিলিটির দখলে ছিল। অগাস্ট 2012 সালে বিভাগীয় কর্মী দ্বারা নিরীক্ষণ করে বিল্ডিংয়ে সংক্রামক বহুসংখ্যক রাসায়নিকের বিবিধ স্তরে ক্ষয়ে পূর্ণ 100-55 গ্যালন ড্রাম, এক ডজনেরও বেশি প্লেটিংয়ের বাথ এবং রিনসেট ট্যাঙ্কের পাশাপাশি অত্যন্ত দাগযুক্ত দেওয়াল এবং মেঝে পাওয়া গিয়েছিল। সম্পত্তিটির নতুন মালিক NYC পরিবেশ সুরক্ষা বিভাগের

(NYC Department of Environmental Protection) কমিশনারের আদেশ অনুসারে একটি সীমিত সাফাই পরিকল্পনা গ্রহণ করেছে। এই কাজটি এপ্রিল 2013 সালে শুরু হয়েছে এবং এতে অন্তর্ভুক্ত রয়েছে: (a) সমস্ত প্ল্যান্টিং বাথ এবং ট্যাঙ্ক খালি এবং অপসারণ করা; (b) 55-গ্যালন ড্রামের সবকয়টি খালি করা; এবং (c) একেবারে সংক্রামিত কংক্রিটের সমস্ত মেঝে এবং দেওয়াল অপসারণ। এই কাজটি জুন 2013 সালে শেষ হয়েছে।

সাইটের ভূতত্ব এবং হাইড্রোজিওলজি:
মাটিতে মাঝারি থেকে মিহি দানার বালি গ্রেডের আনুমানিক 10 ফুট নীচে রয়েছে যার নীচে নির্ধারণ হয়নি এমন স্থূলতার পলি মাটির একটি স্তর রয়েছে। আনুমানিক 13 ফুট নীচের গ্রেডে ভূগর্ভস্ত জল পাওয়া গিয়েছিল। ভূগর্ভস্থ জলের প্রবাহের দিক নির্দেশ স্থানীয়ভাবে নির্ধারিত হয়নি কিন্তু পূর্বের নদীর দিকে পশ্চিমমুখী হওয়ার সম্ভাবনা রয়েছে।

**ব্রাউনফিল্ড সাফাইয়ের কর্মসূচী (Brownfield Cleanup Program):** নিউইয়র্কের ব্রাউনফিল্ড সাফাইয়ের কর্মসূচী (BCP) (Brownfield Cleanup Program, BCP) "ব্রাউনফিল্ড" নামে পরিচিত সংক্রামিত সম্পত্তির স্বেচ্ছায় পরিষ্কারকে উৎসাহিত করে যাতে এগুলি পুনরায় ব্যবহৃত এবং পুনরায় বিকাশিত হতে পারে। এই ব্যবহারগুলিতে রয়েছে পুনরায় তৈরি, আবাসন, ব্যবসা বা অন্যান্য ব্যবহার।

ব্রাউনফিল্ড সাইট হল যে কোনো রিয়েল প্রপার্টি যেখানে প্রযোজ্য প্রবিধান অনুসারে DEC দ্বারা গৃহীত মাটি পরিষ্কার করার উদ্দেশ্যগুলিকে বা অন্যান্য স্বাস্থ্য ভিত্তিক বা পরিবেশগত মানক, মাপদণ্ড বা সহায়িকা যা যথোপযুক্ত প্রতীক্ষিত সম্পত্তির ব্যবহারের ভিত্তিতে প্রযোজ্যঅতিক্রম করা স্তরে বিদ্যমান।

আরো তথ্যের জন্য BCP সম্বন্ধে এখানে যান: http://www.dec.ny.gov/chemical/8450.html

**আরো তথ্যের জন্য**

**কোথায় খুঁজবেন তথ্য**
জনসাধারণকে অবগত রাখতে সাহায্য করতে প্রোজেক্টের নথিগুলি নিম্নলিখিত অবস্থান(গুলি)তে উপলব্ধ।

Queens Community Board 1
Attn: Florence Koulouris
45-02 Ditmars Boulevard, LL Suite 125
Astoria, NY 11105
ফোন: (718) 626-1021
ইমেল: qn01@cb.nyc.gov

Queens Library, Long Island City Branch
Attn: Tienya Smith
37-44 21st Street
Long Island City, NY 11101
ফোন: (718) 752-3700
ইমেল: tsmith@queenslibrary.org

**কার সাথে যোগাযোগ করতে হবে**
মন্তব্য এবং প্রশ্ন সব সময় স্বাগত এবং নিম্নলিখিত ঠিকানায় নির্দেশিত করতে হবে:


প্রোজেক্ট সম্পর্কিত প্রশ্ন
David Harrington
New York State Department of Environmental Conservation
Division of Environmental Remediation
625 Broadway, 12th Floor
Albany, NY 12233-7016
ফোন: (518) 402-9768
ইমেল: david.harrington@dec.ny.gov

সাইট সম্পর্কিত স্বাস্থ্য বিষয়ক প্রশ্ন
Dawn Hettrick
New York State Department of Health
Empire State Plaza Corning Tower Room 1787
Albany, NY 12237
ফোন: (518) 402-7860
ইমেল: BEEI@health.ny.gov


**আমরা আপনাকে এই প্রকৃত তথ্য সম্বলিত পুস্তিকাটি প্রতিবেশী এবং ভাড়াটেদের সাথে এবং/অথবা এই প্রকৃত তথ্য সম্বলিত পুস্তিকাটি অন্যদের দেখার জন্য আপনার বিল্ডিংয়ের লক্ষণীয় স্থানে পোস্ট করতে উৎসাহিত করি।**

**সাইটের প্রকৃত তথ্য সম্বলিত পুস্তিকাটি ইমেলে পান**



এই প্রকৃত তথ্য সম্বলিত পুস্তিকাটির মতো সাইটের তথ্য সরাসরি আপনার ইমেল ইনবক্সে পান।
NYSDEC আপনাকে নিম্নলিখিত ওয়েব পৃষ্ঠায় উপলব্ধ এক বা একাধিক সংক্রমিত সাইট কাউন্টি ইমেল লিস্টসার্ভারে ব্যবহার করে সাইন আপ করতে আমন্ত্রণ জানায়:
http://www.dec.ny.gov/chemical/61092.html। এটি দ্রুত, এটি বিনামূল্যে।
এবং এটি আপনাকে আরো ভাল অবগত রাখতে সাহায্য করবে।

লিস্টসার্ভের সদস্য হিসাবে আপনি আপনার নির্বাচিত কাউন্টি(গুলি)তে সমস্ত সংক্রমিত সাইটের জন্য সাইট সম্পর্কিত তথ্য/ঘোষণা পর্যায়ক্রমে পাবেন।

মনে রাখবেন: যদি আপনি ইতিমধ্যে সাইন আপ করে থাকেন এবং বৈদ্যুতিন ভাবে এই প্রকৃত তথ্যের পুস্তিকাটি পেয়ে থাকেন তবে অনুগ্রহ করে এটি উপেক্ষা করুন।



site location
40th Ave
12th St
22nd St
23rd St
24th St
Crescent St
21st St
Queensbridge Park Greenway
Queensboro Bridge Path
Queens Plaza S
Queens Plaz
Queensboro Bridge Greenway
25
© 2016 Google
Google earth
feet
1000
meters
300